# Lecture sheet-2 ( Structure of Sentence Patterns)

## Subject+ verb+ object/complement+ adverbials

**উদার মানসিকতার দৃষ্টান্ত হিসেবে বাংলাদেশ তখন এসব রোহিঙ্গা শরণার্থীকে কক্সবাজারে আশ্রয় দেয়।**

**Bangladesh then gave shelter to these Rohingya refugees in Cox'sBazar as an example of liberal humanity. (41th BCS)**

**বিশ্বব্যাপী ব্যাপক জনগোষ্ঠীর সরাসরি ও ব্যাপক মাত্রার অংশগ্রহণের ফলে অত্যন্ত দ্রুততার সাথে ইন্টারনেট ওয়ার্ল্ড ওয়াইড ওয়েব আজ গণযোগাযোগের ও সামাজিক মিথস্ক্রিয়ার অন্যতম প্রধান প্ল্যাটফর্মে পরিণত হয়েছে। (Pubali bank -2014)**

**As a result of direct and extensive participation of vast population worldwide, the internet and worldwide web have now very rapidly become one of the major platform for Mass communication and social interaction.**

**সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যসমূহ বিশেষ করে চরম দরিদ্রতা ও ক্ষুধা নির্মূল করা এবং নারী পুরুষের সমতা ও নারীর ক্ষমতায়নে এ খাত ব্যাপক ভূমিকা রাখতে সক্ষম। (one bank)**

**The sector is able to play a comprehensive role in Millennium development goals, especially in eradicating extreme poverty and hunger, and in bringing equality of male and female and empowering women.**

**সুখী ও সমৃদ্ধ বাংলাদেশ গড়ার মাধ্যমে বর্তমান গণতান্ত্রিক সরকারের প্রতিশ্রুতি বাস্তবায়নের জন্য ষষ্ঠ বার্ষিক পরিকল্পনা প্রণয়ন একটি বড় পদক্ষেপ। (Pubali Bank-2013)**

**The formulation of sixth five - year plan is a big step for implementing Promises of the present democratic government by building up a happy and developed Bangladesh.**

**সীমাহীন দুর্নীতি, ঋণ জালিয়াতি, খেলাফি ঋণের বোঝা সর্বোপরি ঋণ অবলোপনের কারণে দেশের ব্যাংকিং খাতে এক বিশৃঙ্খল অবস্থা বিরাজ করছে। (বাংলাদেশ কৃষি ব্যাংক)**

**A chaotic situation prevails in the banking sector of our country due to unlimited corruption, loan fraud, burden of default loans and above all, write-off of loans.**

# Basic Sentence Structure Patterns

**Structure 01:- Subject + verb**

a) Ruhama swam.
b) My sister is writing.
c) They have swum.

**Structure 02:- Subject + Verb + direct object**

a) Bob took his meal.
b) The family will buy a sofa.
c) Ruhama wanted a dairy.

**Structure 03:- Subject + Verb + subject complement**

a) Nasrin will become a doctor.
b) The new born baby seems confident.
c) Maria and Ruby feel nervous.

**Structure 04:- Subject + Verb + indirect object + direct object**

a) Ruhama bought her mother a new dairy.
b) My friend loaned me a typewriter.
c) The company sent employees a questioner.

**Structure 05:- Subject + Verb + direct object + object complement**

a) I consider her singing exceptional.
b) Lamp wick called Jiminy Cricket a beetle.
c) The president nominated my sister speaker.

**Structure 06:- Subject + Verb + direct object + Adverb of manner**

a) He speaks English loudly.
b) They beat the dog mercilessly.
c) He did it carefully.

**Structure 07:- Subject + Verb + direct object + Adverb of manner + adverb of place**

a) He practiced cricket spontaneously at Dhaka Stadium.
b) They beat the dog mercilessly on the spot.
c) The teacher conducted the class loudly at the campus.

√ *Memorize the following structure.*

**S + Y+INO + DO + M + P + T + R**

5 = *Subject*
*V = verb*
*INO = Indirect object*
*DO = direct object*
*M = adverb of manner*
*P = adverb of place*
*T = adverb of time*
*R = adverb of reason*

√ *Now observe following sentences.*

01. সামাজিক ব্যবস্থার কারণে নারী তার অীধকার সংরক্ষণ করতে পারছে না। (28th BCS)

√ **Subject 4- verb + object + adverb of reason**

S = নারী = Women

V = সংরক্ষণ করতে পারছে না = can't peserve

O = (কি সংরক্ষণ করতে পারছে না?) = তার অধিকার = their

R = (কেন সংরক্ষণ করতে পারছে না?) সামাজিক ব্যবস্থার কারণে = due to social system/custom

**Full sentence:-** Women can't preserve their rights due to social system.

02. দাম্পত্য জীবন ও সংসার ধর্মকে সার্বিক সুরক্ষা দিতেই বিবাহ প্রথার সৃষ্টি হয়েছে। (28th BCS)

√ **Subject + verb + adverb of reason**

S = বিবাহ প্রথার = The marriage system

V = সৃষ্টি হয়েছে = has been created

R = (কেন সৃষ্টি হয়েছে? দাম্পত্য জীবন ও সংসার ধর্মকে সার্বিক সুরক্ষা দিতেই = to provide overall protection for conjugal life and domestic duties.

03. সামান্য কারণে আমরা শিশুদেরকে ধমক দিয়ে থাকি। (29th BCS)

√ **Subject + verb + object+ adverb of reason**

S = আমরা = we

V = ধমক দিয়ে থাকি = browbeat

O = (কাকে ধমক দিয়ে থাকি?) = শিশুদেরকে = children

R = (কেন ধমক দিয়ে থাকি?) সামান্য কারণে = for trivial causes

**Full sentence:-** We browbeat children for trivial causes.

04. কিন্তু আমরা কি কখনো ভেবে দেখেছি যে, একটি শিশুকে অযথা ধমক দিলে বা প্রহার করলে তার কত বড় ক্ষতি হয়ে থাকে? (29th BCS)

√ **Subject + verb + object**

S = আমরা = we

V = কখনো ভেবে দেখেছি = have ever thought

O = (কি ভেবে দেখেছি?) = যে একটি শিশুকে অযথা ধমক দিলে বা প্রহার করলে তার কত বড় ক্ষতি হয়ে থাকে = how much harm results if a child is unduly threatened or beaten.

**Full sentence:-** But have we ever thought how much harm results if a child is unduly threatened or beaten?

*(It is an interrogative sentence; therefore, interrogative contraction (auxiliary + subject) has been used.*

05. দূষণের যে রূপটি থেকে আমরা নগরবাসীরা কেউই মুক্ত নই তা হচ্ছে শব্দদূষণ ও বায়ুদূষণ। (30th BCS)

√ **Subject + verb + complement**

S = দূষণের যে রূপটি থেকে আমরা নগরবাসীরা কেউই মুক্ত নই = The form of pollution from which we, the city dwellers are not free

V = তা হচ্ছে = is

C = sound pollution and air pollution

**Full sentence:-** The form of pollution from which we, the city dwellers are not free is sound pollution and air pollution.

*(After linking verbs, instead object, complement is used; see linking verb also)*

06. যে সকল গ্রামবাসী নদীর তীরে বাস করে তাহারা নদীতে যে কেবল স্নান করে ও ময়লা কাপড় চোপড় ধোয় তাহাই নহে (32nd BCS)

√ **Subject + verb + adverb of place**

S = যে সকল গ্রামবাসী নদীর তীরে বাস করে তাহরা = The villagers living on the bank of a river

V = স্নান করে ও ময়লা কাপড় চোপড় ধোয় = bathe and wash clothes

P = (কোথায়?) নদীতে = in the river

**Subject + verb + object+ adverb of place**

S = তাহারা = They

V = নিক্ষেপ করে = throw

O (কি নিক্ষেপ করে?) = সব রকমের আবর্জনা ও ময়লা = every type of garbage and waste

P (কোথায় নিক্ষেপ করে?) = ইহার মধ্যে = in it

**Full sentence:-** যে সকল গ্রামবাসী নদীর তীরে বাস করে তাহারা নদীতে যে কেবল স্নান করে ও ময়লা কাপড় চোপড় ধোয় তাহাই নহে, বরং ইহার মধ্যে সব রকমের আবর্জনা ও ময়লা নিক্ষেপ করে।

The villagers living on the bank of a river not only bathe and wash clothes in the river but also throw every type of garbage and waste in it.

## 34th BCS

১. আমরা Subject যে অত্যাধুনিক পৃথিবীর বাসিন্দা Complement সে পৃথিবী Subject আদিম সমাজ ও আমাদের পূর্ব পুরুষদের পৃথিবী থেকে সম্পূর্ণ আলাদা Complement

We are the inhabitants of the ultramodern world which is entirely different from the world of ancient society and our ancestors.

২. এটি Subject একটি পরস্পর সম্পর্কিত পৃথিবী Complement যেখানে এক দেশের ঘটনাবলী Subject সহজেই adverb of number অন্য দেশের ঘটনাবলির উপর Adverb of place প্রভাব বিস্তার করে Verb

It is a mutually related world where the events of one country easily influence the events of other countries.

৩. কোন দেশে Subject বন্যা, দুর্ভিক্ষ, মহামারী বা মানবিক বিপর্যয় Object দেখা দিলে Verb তা Subject সাথে সাথে Adverb of time আমাদের গোচরে আসে Very

If any country is affected by flood, famine, pestilence or human disaster, it comes to our sight immediately.

৪. বলা যায় Verb চক্ষের নিমিষে Object

It can be said-within twinkle of an eye.

৫. এ ব্যাপারে Adverb of place সব থেকে কার্যকরী ভূমিকা Object পালন করে Verb ইন্টারনেট, উপগ্রহ চানেলগুলো ও সংবাদপত্র Subject

Internet, Satellite channels and newspapers play the most effective role in this regard.

৬. এদের কল্যাণে adverb of reason সমস্ত পৃথিবী Subject একটি বৈশ্বিক গ্রামে পরিণত হয়েছে Object

## 35th BCS (Class work)

***Your Turn:*** *Identify the underlined parts of speech and translate them into English*

১. ষাটোর্ধ মুক্তিযোদ্ধা স্বর্ণলতা ফলিয়া কাজ করেছেন বীরাঙ্গনাদের সংগঠিতকরণ ও পুনর্বাসনের।

২. ৮ নম্বর সেক্টরে এই মহান মুক্তিযোদ্ধা হেমায়েত বাহিনীর অধীনে কাজ করেছেন।

৩. নারিকেলবাড়ী ক্যাম্প থেকে প্রশিক্ষণ নিয়ে মহিলা মুক্তিযোদ্ধা সংগ্রহের পাশাপাশি নিজেও অনেক সষস্ত্র যুদ্ধে অংশ নেন।

৪. এরপর দেশ স্বাধীন হলে বীরাঙ্গনাদের পুনর্বাসনের কার্যক্রম শুরু করেন।

৫. সেই থেকে দেশের বিভিন্ন অঞ্চলের ৩৬ জন বীরাঙ্গনাকে একত্র করে তাদের চিকিৎসা, চাকরি এবং অধিকার আদায়ের কাজে নিজেকে নিয়োজিত রেখেছেন স্বর্ণলতা।

৬. স্বর্ণলতার জন্ম ১৯৫৪ সালের ৬ অক্টোবর গোপালগঞ্জ জেলার কোটালিপাড়া উপজেলার সোনাইলবাড়ী গ্রামে।

৭. কৃষক বাবা নিশিকান্ত ফলিয়া ও মা মারিয়া ফলিয়ার সাত সন্তানের মধ্যে তিনি পঞ্চম।

৮. কোটালিপাড়া উপজেলার নারিকেলবারি মিশনারি স্কুলের নবম শ্রেণিতে পড়ার সময় বেজে উঠে যুদ্ধের দামামা।

৯. একদিন আশালতা বৈদ্য এসে বললেন, "দেশে যুদ্ধ শুরু হচ্ছে, আমিতো যুদ্ধ করবো। তোরা কে কে আমার সাথে যুদ্ধে যাবি।"

১০. একথা শুনে স্বর্ণলতা চুপ থাকতে পারেননি।

১১. এক কথায়ই রাজি হয়ে গেলেন।

১২. আশালতা যুদ্ধের ট্রেনিং নেয়ার আগে সহপাঠী বন্ধুরা মিলে এলাকায় ঘুরতেন।

১৩. এবং মহিলা মুক্তিযোদ্ধা সংগ্রহ করতেন।

১৪. আর সুযোগ পেলেই

১৫. বন্ধুদের সাথে ঘরের মা বোনদের নিয়ে "অস্ত্র ধরো, স্বাধীন বাংলা রক্ষা করো" এই স্লোগান দিতেন।

১৬. পরবর্তী সময়ে আরও ৩০ জন সদস্য নিয়ে তিনি হেমায়েত বাহিনীর কাছ থেকে অস্ত্র চালানোর প্রশিক্ষণ গ্রহণ করেন।

১৭. যুদ্ধে বেশ কয়েকটি অপারেশনে অংশ নিলেও

১৮. দুটি অপারেশন ছিল উল্লেখযোগ্য।

১৯. এর একটিতে পাক বাহিনীর বেশ কয়েকটি লঞ্চ ডুবিয়ে দিয়েছিলেন।

২০. আর একটি অপারেশন করেছিলেন নদীতে।

২১. সেই অপারেশনে তার বামে থাকা দুই জন মুক্তিযোদ্ধা শহীদ হন।

২২. বীর বিক্রম হেমায়েত উদ্দিনের পায়ে গুলি লাগে।

২৩. অল্পের জন্য প্রাণে বেচে গেলেও আহত হয়েছিলেন স্বর্ণলতা।

২৪. স্বাধীনতা পরবর্তী সময়ে আর্থিক অভাব অনটনের কারণে ঢাকা মেডিকেলের কাছাকাছি কাজের সন্ধান করতে থাকেন।

২৫. ঘটনাচক্রে পঙ্গু মুক্তিযোদ্ধা ও অসুস্থ বীরাঙ্গনাদের সহযোগীতা করার কারণেই মেডিকেলে দুবেলা দুমোঠো খাবারের ব্যবস্থা হয়ে যায়।

২৬. বঙ্গবন্ধু যখন বীলাঙ্গনাদের পুনর্বাসনের ব্যবস্থা করেন, স্বর্ণলতা তখন রাস্তা ও অন্যান্য জায়গা থেকে বীরাঙ্গনাদের নিয়ে আসতেন ঢাকা ও নারায়ণগঞ্জের পুনর্বাসন কেন্দ্রগুলোতে।

২৭. পরবর্তী সময়ে যখন বীরাঙ্গনারা পুনর্বাসন কেন্দ্র ত্যাগ করেন, তখনো তিনি তাদের সাহায্য করার চেষ্টা করেছেন।

২৮. বিভিন্ন অফিস আদালত ও মন্ত্রণালয়ে ঘুরাঘুরি করে বীলাঙ্গনাদের চাকরির চেষ্টা যেমন করেছেন, তেমন রেছেন তাঁদের চিকিৎসাসহ অন্যান্য অধিকার আদায়ের লক্ষ্যে কাজ।

২৯. অন্যের কষ্টকে যিনি নিজের কষ্ট মনে করে তাঁদের পাশে দাঁড়িয়েছেন, অন্ন-বস্ত্র বাসস্থানের ব্যবস্থা করেছেন বীরাঙ্গনাদের সেই পরম সতীর্থ মুক্তিযোদ্ধা স্বর্ণলতা ফলিয়া নিজের সুখ আহ্লাদ ও অধিকার নিয়ে ভাবেন নি।

৩০. একমাত্র মেয়েকে গ্রাজুয়েট করিয়েছেন, যাতে তাঁর মেয়ে নিজের ও অপরের অবলম্বন হতে পারেন।

৩১. আজ অবধি কোন সরকারি স্বীকৃতি না-পাওয়া স্বর্ণলতা বাস করেন তেজগাঁও বস্তির গিঞ্জি এক ঘরে।

৩২. মুক্তিযোদ্ধা স্বর্ণলতা ফলিয়ার যুদ্ধ এখনো থামেনি।

## 36th BCS (Class Work)

১. মহান মুক্তিযুদ্ধই আমাদের অস্তিত্বের ঠিকানা।

২. মুক্তিযুদ্ধ প্রতিটি বাঙালির অন্তরের এক অনন্য বহ্নি শিখার নাম।

৩. মুক্তিযুদ্ধ বাঙ্গালীর গৌরব আর গর্ব, বাঙ্গালির চেতনা, বাঙ্গালীর ইস্পাতকঠিন দৃঢ়তা।

৪. মুক্তিযুদ্ধই আমদের অতীত, বর্তমান ও ভবিষ্যৎ।

৫. আমাদের এগিয়ে তেে হবে এই মুক্তিযুদ্ধের চেতনাকে আলোকবর্তিকা হিসেবে গ্রহণ করে।

৬. আমাদের জীবনের যাবতীয় প্রাপ্তি, স্বপ্ন-সাধ, পরিকল্পনা সবকিছুই হতে হবে মুক্তিযুদ্ধের চতেনাকেন্দ্রিক।

৭. কেননা মুক্তিযুদ্ধই আমাদের জাতিসত্তার পরিচয়, আমাদের বেঁচে থাকার এবং এগিয়ে চলার একমাত্র অবলম্বন।

৮. মুক্তিযুদ্ধের ইতিহাস আমাদের তরুণ প্রজন্মকে ভীষণভাবে আপ্লুত করে।

৯. এবং চলার পথে অনুপ্রেরণা যোগায়, তাদের জাতীয়তাবোধ ও আত্মপরিচয় দান করে।

১০. তাদের জাতীয়তাবোধ ও আত্মপরিচয় দান করে।

১১. তারা মুক্তিযুদ্ধ সম্পর্কিত বই পড়তে পছন্দ করে।

১২. মুক্তিযুদ্ধ সম্পর্কে জানার জন্য তাদের মধ্যে লক্ষ করা যায় গভীর আগ্রহ।

১৩. মুক্তিযুদ্ধ এই প্রজন্মের দেশপ্রেমের এক অনিঃশেষ প্রেরণা ও উৎসের নাম।

১৪. তরুণ প্রজন্মের ধর্মই হল নতুনের পানে ছুটে চলা।

১৫. সে জানতে চায় নিজ জাতিসত্তার পরিচয়।

১৬. সে যেতে চায় আপন শিকড়ের মূলে।

১৭. আর এ চলার পথে তাকে উদ্বুদ্ধ করে নিজ জাতিসত্তার ইতিহাস, ঐতিহ্য, লৌকিকত্ব এবং সাংস্কৃতিক চেতনা আর পরিচয়।

১৮. সে এসে দাঁড়ায় ৬১ এর সামনে;

১৯. সে জানতে চায় কত ত্যাগ তিতিক্ষা ও রক্তের বিনিময়ে এ জাতি স্বাধীনতা অর্জন করেছে।

২০. আজকের তরুণ প্রজন্ম গড়ে উঠেছে মুক্তিযুদ্ধকালীন ইস্পাতকঠিন দৃঢ়তা, চেতনা ও দেশপ্রেমের মধ্য দিয়ে।

২১. এর প্রমাণ পাওয়া যায় একুশের বইমেলা এবং স্বাধীনতা ও বিজয় দিবসে।

২২. দেশের আনাচে কানাচে তরুণ প্রজন্মের প্রতিটি সদস্যকে তাদের কপালে ও বুকে পিঠে জাতীয় পতাকাসহ ও পতাকাশোভিত পোশাকে শহীদ মিনারে বিজয়স্তম্ভে উপস্থিত হতে দেখা যায়।

২৩. এটি তাদের সুগভীর দেশপ্রেমেরই বহিঃপ্রকাশ।

২৪. ৭১ এর অনুপ্রেরণা, চেতনা ও দেশপ্রেম আমাদের আছে, থাকবে এবং অনন্তকাল থাকবে।

## 37th BCS (Home work)

০১. একমাত্র হান্নান ছাড়া আমাদের সবার কাছে অস্ত্র ছিল।

**Subject + verb + object**

S = একমাত্র হান্নান ছাড়া আমাদের সবার = We all except Hannan

V = ছিল = had

O = অস্ত্র = arms

**Full sentence:-** we all except Hannan had arms.

০২. মাত্র ১৪ বছর বয়স হান্নানের

**Subject + verb + complement**

S = হান্নানের = Hannan

V = ছিল = was

C = মাত্র ১৪ বছর বয়স = only 14 years old

**Full sentence:-** Hannan was only 14 years old.

০৩. দেখতেও ছোটখাট, কিন্তু বেশ শক্তসমর্থ।

**Subject + verb + complement**

S = সে He

V = দেখতেও = appeared

C = ছোটখাট, কিন্তু বেশ শক্তসামর্থ = a minutiae having great strength

**Full sentence:-** He appeared a minutiae having great strength.

০৪. আমি তাকে একটা ময়লা গেঞ্জি ও একটা হাফ প্যান্ট পরিয়ে ঠিক রাখাল ছেলের মত করি।

**Subject + verb + adverb of manner**

S = আমি = I

V = তাকে ঠিক রাখাল ছেলের মত করি = made him just a cowboy

M = একটা ময়লা গেঞ্জি ও একটা হাফ প্যান্ট পরিয়ে = by getting him to wear a dirty T-shirt and a half pant

**Full sentence:-** I made him just a cowboy by getting him to wear a dirty T-shirt and a half pant.

০৫. স্বাধীনতা সংগ্রামে সেও যে একজন যোদ্ধা তাকে দেখে বিশ্বাস করার উপায় রইল না।

**Subject + verb + complement**

**S** = স্বাধীনতা সংগ্রামে সেও যে একজন যোদ্ধা = He was also a fighter in the liberation war

**V** = ছিল = was

C = তাকে দেখে বিশ্বাস করার উপায় রইল না = impossible to disbelieve by seeing him

**Full sentence:-** He was also a fighter in the liberation war was impossible to disbelieve by seeing him.

০৬. অত্যন্ত নির্ভিক দেশপ্রেমিক কিশোর।

**Subject + verb + complement**

S = সে = He

V = ছিল = was

C = অত্যন্ত নির্ভিক দেশপ্রেমিক কিশোর = very valiant and patriot youth

**Full sentence:-** He was very valiant and patriot youth.

০৭. আমাদের ৩০০/৪০০ গজ সামনে তাকে চলতে বললাম।

**Subject + verb + object! + object$_2$**

S = আমাদের = we

V = বললাম = told

$O_2$ = তাকে = him

$O_1$ = ৩০০/৪০০ গজ সামনে তাকে চলতে = to walk 300/400 yards ahead of us

**Full sentence:-** We told him to walk 300/400 yards ahead of us.

০৮. কারণ তাকে স্কাউটের দায়িত্ব দেয়া হয়েছে।

**Subject + verb + object**

S = কারণ তাকে = because he

V = দেয়া হয়েছে = was given

O = স্কাউটের দায়িত্ব = the charge of 'Scout'

**Full sentence:-** We told him to walk 300/400 yards ahead of us because he was given the charge of 'Scout'

০৯. সে সামনে এগিয়ে যেতে যেতে চারদিক সতর্ক দৃষ্টিতে নজর রাখলো।

**Subject + verb + object + adverb of place**

S = সে = He

V = রাখলো = kept

O = চারদিক সতর্ক দৃষ্টিতে নজর = a watchful eye to the surroundings

T = সামনে এগিয়ে যেতে যেতে = while going ahead

**Full sentence:-** He kept a watchful eye to the surroundings while going ahead.

১০. এক নির্মম শত্রুর সংগে আমাদের লড়াই।

**Subject + verb + adverb of mannar,**

S = আমাদের = We

V = লড়াই = were struggling

M = এক নির্মম শত্রুর সংগে = against the crudest enemy

১১. তাই সামান্য অসতর্ক হলেই নিষ্ঠুরতম হত্যার শিকার হতে হবে।

**Subject + verb + adverb of reason**

S = তাই আমাদেরকে = Therefore, we

V = নিষ্ঠুরতম হত্যার শিকার হতে হবে = had to fall victim to the brutal killing

R = সামান্য অসতর্ক হলেই = if we became little careful

**Full sentence:-** We were struggling against the crudest enemy; therefore, we had to fall victim to the brutal killing if we became little careful.

১২. সুতরাং হান্নানের কাজ হল সে খেয়াল রাখবে কোথাও পাঞ্জাবী সৈন্য বা রাজাকার ওঁত পেতে আছে কিনা।

**Subject + verb + complement**

S = সুতরাং হান্নানের কাজ = So Hannan's task

V = হল= was

C = সে খেয়াল রাখবে কোথাও পাঞ্জাবী সৈন্য বা রাজাকার ওঁত পেতে আছে কিনা = he would keep eyes whether the Panjabi soldiers or Razakars lying in ambush anywhere

**Full sentence:-** So Hannan's task was he would keep eyes whether the Panjabi soldiers or Razakars lying in ambush anywhere.

১৩. থাকলে সে যেন সাথে সাথে সংকেত দিয়ে আমাদের জানিয়ে দেয়।

**Subject + verb + adverb of mannar**

S = থাকলে সে = If there were, he

V = সাথে সাথে আমাদের জানিয়ে দেয় = would let us know instantly

$M_1$ = সংকেত দিয়ে = by providing signals

**Full sentence:-** If there were, he would let us know instantly by providing signals.

১৪. সে তার সামনে এবং দুপাশে ভালোমত দেখে যখন বুঝতে পারে যে সেখানে কোন শত্রু নেই,

**Subject + verb + object2 + mannar**

S = যখন সে = When he

V = বুঝতে পারে যে = understood that

$O_2$ = সেখানে কোন শত্রু নেই = there was no enemy

M = সামনে এবং দুপাশে ভালোমত দেখে = after watching his front and both sides properly

১৫. তখন আমাদের সামনে এগিয়ে যেতে হাতে ইশারা দেয়।

**Subject + verb + object! + object2**

S = তখন সে হাতে = He using his hands

V = হাতে ইশারা দেয় = beckoned

$O_1$ আমাদের = us

$O_2$ = সামনে এগিয়ে যেতে = to advance

**Full sentence:-** When he understood that there was no enemy after watching his front and both

sides properly, He using his hands beckoned us to advance

১৬. আর আমরা তার ইশারায় অগ্রসর হই।

**Subject + verb = adverb of mannar**

S = আর আমরা = And we

V = অগ্রসর হই = stepped forward

M = তার ইশারায় = by using his signals

**Full sentence:-** And we stepped forward by using his signals.

১৭. এভাবে তিন ঘণ্টায় আমরা প্রায় দেড় মাইল পথ অতিক্রম করি।

**Subject + verb + object**

S = এভাবে আমরা = Thus we

V = অতিক্রম করি = crossed

O = তিন ঘণ্টায় আমরা প্রায় দেড় মাইল পথ = one and a half miles in three hours

**Full sentence:-** Thus we crossed one and a half miles in three hours.

১৮. কখনো কখনো সে গ্রামবাসী অথবা ছোট ছোট ছেলেকে জিজ্ঞাসা করে সেখানে কোন রাজাকার কিংবা পাঞ্জাবী সৈন্য আছে কিনা।

**Subject + verb + object! + object2**

S = সে = He

V = কখনো কখনো জিজ্ঞাসা করে = sometimes asked

$O_1$ = গ্রামবাসী অথবা ছোট ছোট ছেলেকে = the villagers or the little children

$O_2$ = সেখানে কোন রাজাকার কিংবা পাঞ্জাবী সৈন্য আছে কিনা = whether they had seen there any Razakars or Panjabi soldiers

**Full sentence:-** He sometimes asked the villagers or the little children whether they had seen there any Razakars or Panjabi soldiers.

## 38th BCS (Class Work)

১. সংস্কৃতি হলো জীবনের ও পরিবেশের উতকর্ষ সাধনের ও উন্নতিবিধানের এবং ইচ্ছানুযায়ী ইতিহাসের গতি নির্ধারণের চিন্তা ও চেষ্টা।

২. জীবন ও পরিবেশ অবিচ্ছদ্য সম্পর্কে যুক্ত।

৩. জীবন ও পরিবেশ থেকেই উদ্ভূত এবং পরিবেশের সঙ্গে সংলগ্ন ও পরিবেশের উপর নির্ভরশীল।

৪. এ দুইয়ের একটির উন্নতি অন্যটির উপর নির্ভরশীল।

৫. উন্নতি আপনিতেই ঘটে না।

৬. সাধন করতে হয়।

৭. উন্নতির প্রক্রিয়ায় মানুষই কর্তা।

৮. একমাত্র মানুষেরই সংস্কৃতি আছে।

৯. অন্য প্রাণীর নেই।

১০. মানুষ সেই জৈবিক সামর্থ্যের অীধকারী যার ফলে সে ব্যক্তিগত ও যৌথ প্রয়াসে সংস্কৃতির পরিচয় দিতে পারে।

১১. বিবর্তনের যে পর্যায়ে এসে মানুষ সংস্কৃতি সৃষ্টি করতে সক্ষম হয়েছে

১২. জীবনযাত্রার মধ্য দিয়ে মানুষের নিজেকে এবং নিজের সঙ্গে পরিবেশকে সুন্দর, সমৃদ্ধ ও উন্নত করার যে প্রবণতা, চিন্তা ও চেষ্টা লক্ষ করা যায়, তারই মধ্যে নিহিত থাকে তার সংস্কৃতি।

১৩. ব্যক্তির জীবনে যেমন সমষ্টির জীবনেও তেমন সংস্কৃতিচেতনা ও সংস্কৃতি আছে।

১৪. দর্শন, বিজ্ঞান ও শিল্পকলা সৃষ্টির মধ্য দিয়ে উন্নতিশীল রাষ্ট্রব্যবস্থা, সমাজব্যবস্থা ও জীবনপদ্ধতি প্রবর্তনের মধ্য দিয়ে মানুষ তার সংস্কৃতিক সামর্থের পরাকাষ্ঠা প্রদর্শন করে থাকে।

১৫. সংস্কৃতির মর্মে আছে উন্নত হওয়ার ও উন্নত করার এবং সমৃদ্ধ হওয়ার ও সমৃদ্ধ করার প্রবণতা, ইচ্ছা, আকাঙ্ক্ষা ও চেষ্টা।

১৬. সংস্কৃতির সংগে সম্পর্ক আছে রুচি, পছন্দ, সমাজবোধ, আহার্য, ব্যবহার্য, পরিপার্শ্ব, বিচারক্ষমতা, গ্রহণ-বর্জন ও প্রয়াস-প্রচেষ্টার।

## 40th BCS (Home work)

১. মানুষের জীবন কতগুলো ঘটনা সংকলন।

২. তবে এসব ঘটনা স্মরণীয় হয় না।

৩. যে ঘটনা স্মৃতির পাতায় সোনার অক্ষরে লেখা হয়ে যায় তাই স্মরণীয়।

৪. বাংলাদেশের মানুষের সবচেয়ে গৌরবময় ও স্মরণীয় ঘটনা এদেশের মুক্তিযুদ্ধ।

৫. এই যুদ্ধের মধ্য দিয়ে আমরা লাভ করেছি স্বাধীন দেশ, নিজস্ব পতাকা।

৬. ১৯৭১ সালের ২৬ মার্চ বাংলার কৃষক শ্রমিকসহ সর্বস্তরের জনগণ বর্বর পাকিস্তানি হানাদার বাহিনীর বিরুদ্ধে সশস্ত্র যুদ্ধে ঝাঁপিয়ে পড়ে।

৭. তার পরিণতিতে ১৯৭১ সালের ১৬ই ডিসেম্বর জাতি অর্জন করে চূড়ান্ত বিজয়।

৮. বিশ্বের মানচিত্রে দোদীপ্যমান হয় একটি রাষ্ট্র যার নাম স্বাধীন সার্বভৌম বাংলাদেশ।

৯. বাংলাদেশের মুক্তিযুদ্ধভিত্তিক প্রথম জাদুঘর মুক্তিযুদ্ধ জাদুঘর।

১০. এই জাদুঘর তরুন প্রজন্মের কাছে পৌঁছে দিচ্ছে আমাদের স্বাধীনতা সংগ্রামের গৌরবময় ইতিহাস।

১১. মুক্তিযুদ্ধের মূল্যবোধ ও ইতিহাসকে ভিত্তি করে সাজানো হয়েছে জাদুঘরের গ্যালারিগুলো।
১২. প্রতিটি গ্যালারি সুনির্দিষ্টভাবে ধারণ করছে মুক্তিযুদ্ধের স্মৃতিবাহি নানান স্মারক।
১৩. মুক্তিযুদ্ধ জাদুঘরের কার্যক্রমের অংশ হিসেবে একটি গাড়িকে ভ্রাম্যমাণ জাদুঘরের রূপ দেয়া হয়েছে।
১৪. এভাবে প্রজন্ম থেকে প্রজন্মান্তরে অমর হয়ে থাকবে দেশের মুক্তিযুদ্ধের গৌরবগাথা।